



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, চট্টগ্রাম

সিডিএ এভিনিউ, মুরাদপুর, পাঁচলাইশ, চট্টগ্রাম।

e-mail : info@bise-ctg.gov.bd website : <https://www.bise-ctg.gov.bd>



স্মারক নং-চশিবো/ক-শা/বিজ্ঞপ্তি/ম্যানুয়াল/৫৯২৬(৩০০)

তারিখ : ০৪/০১/২০২১খ্রি:


বিজ্ঞপ্তি

বিষয় : ২০২০-২০২১ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণীতে ম্যানুয়াল এ ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন (eSIF) অনলাইন ও ম্যানুয়ালে ভর্তিকৃত শিক্ষার্থীদের eSIF, পাঠবিরতি ও বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি বোর্ডে জমাদান এবং বিষয় পরিবর্তনের সময় বৃদ্ধিকরণ প্রসঙ্গে।

সূত্র : স্মারক নং-চশিবো/ক-শা/৫৮৮৬(২) তারিখ : ১৫/১২/২০২০খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে অত্রবোর্ডের আওতাধীন কলেজ/স্কুল এন্ড কলেজ এর অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধানকে জানানো যাচ্ছে যে, বর্ণিত সূত্রানুযায়ী ১৫/১২/২০২০ তারিখে জারীকৃত ও ১৭/১২/২০২০খ্রি: তারিখে অত্রবোর্ডের ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তিতে উল্লিখিত ম্যানুয়াল রেজিস্ট্রেশন (eSIF) সম্পন্ন করার তারিখ ০৭/০১/২০২১ এর পরিবর্তে ২০/০১/২০২১খ্রি: পর্যন্ত বৃদ্ধি করা হল। এছাড়া অনলাইন ও ম্যানুয়াল এ ভর্তিকৃত শিক্ষার্থীদের eSIF এর কপি, পাঠবিরতি ফি ও বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি অত্রবোর্ডে জমাদানের তারিখ ১১/০১/২০২১ থেকে ১৪/০১/২০২১ খ্রি: এর পরিবর্তে ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের রেজি: কার্ড গ্রহণের সময় জমা দিতে হবে। ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে রেজি:কার্ড বিতরণের সময়সূচী পরবর্তী বিজ্ঞপ্তির মাধ্যমে জানানো হবে। সূত্রে উল্লিখিত বিজ্ঞপ্তির অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে। ম্যানুয়াল ভর্তির eSIF সম্পন্ন করার জন্য www.esifhsc.bise-ctg.gov.bd তে বিভাগ ভিত্তিক ম্যানুয়াল ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যা উল্লেখ আছে। ইতিমধ্যে বিশেষ অনুমতিতে ভর্তির কারণে ম্যানুয়াল ভর্তিকৃত শিক্ষার্থীর সংখ্যায় কোন পরিবর্তন থাকলে তা ১১/১/২০২১ তারিখের মধ্যে প্রমাণকসহ কলেজ শাখায় জানানো জন্য অনুরোধ করা হল। এরপর শিক্ষার্থীর সংখ্যা আর পরিবর্তন হবে না। এজন্য কোন শিক্ষার্থীর eSIF করতে না পারলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন। ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ও eSIFকৃত শিক্ষার্থীদের বিষয় পরিবর্তনের আবেদন গ্রহণের সময় আগামী ১৫/১/২০২১ তারিখ পর্যন্ত বৃদ্ধি করা হল। এবিষয়ে ২৪/১১/২০২০খ্রি: তারিখের নোটিশের অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে



(প্রফেসর মো: জাহেদুল হক)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
চট্টগ্রাম।

প্রাপক :

অধ্যক্ষ/প্রতিষ্ঠান প্রধান

সকল কলেজ/স্কুল এন্ড কলেজ